

M.A. 3rd Semester Examination, 2022

BENGALI

PAPER – BNG-301(CCAE)

Full Marks : 40

Time : 2 hours

The figures in the right hand margin indicate marks

Candidates are required to give their answers in their own words as far as practicable

বিভাগ—ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

২×৪

- ১। তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের যে কোনো দুটি উপন্যাসের নাম প্রকাশকাল সহ লেখো ।
- ২। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাসটির নাম কী ? উপন্যাসটির প্রকাশকাল লেখো ।
- ৩। 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের চারটি পুরুষ চরিত্রের নাম লেখো ।

- ৪। ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে কতগুলি চিঠির কথা আছে ? যে কোনো একটি চিঠির প্রেরক ও উদ্দিষ্ট ব্যক্তির নাম লেখো ।
- ৫। “একটু জল দে মা— এতটুকু দে” — কার এই করুণ আর্তি ? তার বয়স কত ছিল ? তার বাবার নাম কী ?
- ৬। “হলুদ বনে বনে—
নাক ছাবিটি হারিয়ে গেলে সুখ নেইকো মনে—”
ছড়াটি কে আবৃত্তি করেছিল ? সে এটি কার কাছে শিখেছিল ?
কার বাগানে কী খুঁজতে গিয়ে সে এটি আবৃত্তি করেছিল ?

বিভাগ—খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৪

- ৭। টীকা লেখো : ঢোঁড়াই চরিতমানস ।
- ৮। মার্কসীয় তত্ত্বে বিশ্বাস-নির্ভর মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস-
সৃষ্টির সংক্ষিপ্ত বিবরণ দাও ।
- ৯। ‘প্রথম প্রতিশ্রুতি’ উপন্যাসের মোক্ষদা চরিত্রটি সংক্ষেপে বিচার
করো ।

১০। ট্রিলজি কী ? আশাপূর্ণা দেবীর “সত্যবতী” ট্রিলজির ধারায় ‘প্রথম প্রতিশ্রুতি’ কত সংখ্যক ? উৎসর্গ কাদের করা হয়েছে ? উপন্যাসের পরিচ্ছেদ সংখ্যা কত ?

১১। টীকা লেখো : বারুণী পুষ্করিণী ।

১২। ‘পথের পাঁচালী’ উপন্যাসে পথের তাৎপর্য বিশ্লেষণ করো ।

অথবা

‘পথের পাঁচালী’ যেন অশ্রুজলের নদী — উপন্যাসে ব্যাপ্ত বিষাদময়তার পরিচয় সংক্ষেপে ব্যক্ত করো ।

বিভাগ—গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

৮×২

১৩। উপন্যাসিক সতীনাথ ভাদুড়ীর উপন্যাস-সৃষ্টির সংক্ষিপ্ত পরিচয় সূত্রে উপন্যাসিক হিসেবে তাঁর স্বাতন্ত্র্য নির্দেশ করো ।

১৪। প্রথম প্রতিশ্রুতি উপন্যাসের সত্যবতী চরিত্রের স্বরূপ বিশ্লেষণ করো ।

১৫। কোনো ব্যক্তির নামে নয়, এক ব্যক্তির উইলের সূত্রে উপন্যাসের নাম ‘কৃষ্ণকান্তের উইল’ । এই নামকরণের যৌক্তিকতা বিচার করো ।

১৬। 'পথের পাঁচালী' উপন্যাসে দিনে রাতে, ঋতুতে ঋতুতে পল্লী প্রকৃতির বিচিত্র রূপাঙ্কন মাত্র নয়, তাকে কেন্দ্র করে উদ্ভাসিত হয়েছে বিভূতিভূষণের গভীর জীবন দর্শন — আলোচনা করো ।
